

পাবলিক হেলথে উচ্চ শিক্ষার দ্বার উন্মোচিত

যায়দিন রিপোর্ট

চলতি শিকাবর্ষ থেকে নতুন কারিকুলামে পাবলিক হেলথবিষয়ক এনপিএইচ ডিগ্রি প্রদান করতে যাচ্ছে। প্রচলিত শিক্ষা ব্যবস্থা থেকে বের হয়ে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ক্রেডিট ও সেমিস্টার পদ্ধতিতে উচ্চ কোর্স কারিকুলাম প্রণয়ন করা হয়েছে। নতুন পদ্ধতির কারিকুলাম শিক্ষার্থীদের ক্রেডিট ট্রান্সফারবিষয়ক দীর্ঘদিনের দাবিরও অবসান ঘটাবে। এখন থেকে চিকিৎসক ছাড়াও বিভিন্ন পেশাজীবী মানুষের জন্য পাবলিক হেলথ বিষয়ে উচ্চশিক্ষা (এনপিএইচ ডিগ্রি) গ্রহণের দ্বার উন্মোচিত হলো। কোর্সের মেয়াদও এক বছর থেকে বাড়িয়ে দেড় বছর করা হয়েছে।

মিয়ার নেতৃত্বে গঠিত কারিকুলাম কমিটির মাধ্যমে পাবলিক হেলথের বনামধন্য শীর্ষস্থানীয় শিক্ষকগণ বিগত এক বছরের প্রচেষ্টায় এই কারিকুলাম প্রণয়ন করেছেন।

নতুন পদ্ধতির কারিকুলাম শিক্ষার্থীদের ক্রেডিট ট্রান্সফারবিষয়ক দীর্ঘদিনের দাবিরও অবসান ঘটাবে।

সোমবার সকালে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের শহীদ ডা. মিলন হলে বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ অ্যান্ড ইনফরমেটিকস বিভাগের উদ্যোগে আয়োজিত 'পাবলিক হেলথ এডুকেশনের উপর প্রণীত নতুন কারিকুলাম' বিষয়ক এক জাতীয় কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডাইন-চ্যান্সেলর অধ্যাপক ডা. গ্রাণ গোপাল দত্ত আধুনিক বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে পাবলিক হেলথবিষয়ক শিক্ষাকে অধিকতর গবেষণা ও গণনুম্বী করার ওপর গুরুত্বারোপ করে বলেছেন, নতুন কারিকুলাম পাবলিক হেলথবিষয়ক শিক্ষাকে অধিকতর গবেষণা ও গণনুম্বী করে তুলবে। এর ফলে পাবলিক হেলথবিষয়ক উচ্চশিক্ষা গ্রহণের দ্বার সবার জন্য উন্মোচিত হলো।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (শিক্ষা) অধ্যাপক ডা. মো. রুহুল আমিন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত জাতীয় কর্মশালায় আরো বক্তব্য রাখেন- বিশ্ববিদ্যালয়ের কেমাথাক্স অধ্যাপক ডা. মো. মোয়াজ্জেব হোসেন, প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ডা. মোহাম্মদ মহিদুজ্জামান, WHO'র ভারপ্রাপ্ত বাংলাদেশ প্রতিনিধি ডা. যালিদ এম হানান, বিশ্ববিদ্যালয়ের পাবলিক হেলথ অ্যান্ড ইনফরমেটিকস বিভাগের প্রধান ডা. জিএইচ রাকানী, সহকারী অধ্যাপক ডা. মো. অতিকুল হক, নিপসনের পরিচালক প্রফেসর সুরোজ কুমার মল্লিক, বাংলাদেশ ইনস্টিটিউট অব হেলথ সাইন্স'র পরিচালক প্রফেসর সিয়াকত আলী প্রমুখ।